

তারিখ: ২২.০৭.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

মাইলস্টোন স্কুলে বিমান দুর্ঘটনায় নিহতদের স্মরণে চসিকের দোয়া মাহফিল অনুষ্ঠিত

উত্তরার দিয়াবাড়িস্থ মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ প্রাঙ্গণে সম্প্রতি ঘটে যাওয়া মর্মান্তিক বিমান দুর্ঘটনায় নিহতদের আত্মার মাগফিরাত এবং আহতদের দ্রুত আরোগ্য লাভের কামনায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) উদ্যোগে এক বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার চসিকের প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে আয়োজিত এ দোয়া মাহফিলে নিহত সকলের আত্মার শান্তি কামনা করে মুনাজাত করা হয় এবং এক মিনিট নীরবতা পালন করা হয়। চসিকের কর্মকর্তা ও কর্মচারীরা এ সময় গভীর শোক প্রকাশ করেন।



দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, চসিক সচিব মো. আশরাফুল আমিন, বিভিন্ন বিভাগের প্রধানগণসহ চসিকের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮